



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১।

M.C - ২০৪৪৬

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশা/বরিশাল-২৬১/ ১১৭১

তারিখ :- ৩/০৩/২০১৬খ্রিঃ

বিষয় : সুস্পষ্ট ব্যাখ্যা প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বরিশাল জেলার সদর উপজেলাধীন কাশীপুর বালিকা দাখিল মাদরাসার সুপার ম্যানেজিং কমিটি অনুমোদনের জন্য প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন করেছেন। সুপারের দাখিলকৃত কাগজপত্র পর্যালোচনা করে দেখা যায়, কমিটির মেয়াদ উত্তীর্ণের ১৮৭দিন পূর্বে খসড়া ভোটার তালিকা অনুমোদন এবং ১৩৬দিন পূর্বে নির্বাচন অনুষ্ঠান করা হয়েছে।

২) অত্র বোর্ডে সংরক্ষিত মাদরাসা সংক্রান্ত নথি পর্যালোচনা করে দেখা যায়, উক্ত মাদরাসার বিগত ম্যানেজিং কমিটি গত ২০/০২/২০১৪খ্রিঃ তারিখে অনুমোদন দেয়া হয়েছে। বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান-৯ অনুসারে ম্যানেজিং কমিটির মেয়াদ হইবে উহার প্রথম সভা অনুষ্ঠানের তারিখ হইতে পরবর্তী দুই বৎসর। এছাড়া প্রবিধান- ১২ ও ১৪ অনুযায়ী মেয়াদ উত্তীর্ণের ৮০দিন পূর্বে খসড়া ভোটার তালিকা অনুমোদন এবং ৩০দিন পূর্বে নির্বাচন অনুষ্ঠান করার বিধান রয়েছে।

বর্ণিত অবস্থায় ম্যানেজিং কমিটির মেয়াদ উত্তীর্ণ হওয়ার এতপূর্বে কেন পুনরায় ম্যানেজিং কমিটি গঠন করা হয়েছে সে বিষয়ে সুস্পষ্ট ব্যাখ্যা আগামী ১০(দশ) দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

প্রফেসর এ. কে. এম. ছায়েফ উল্লাহ
চেয়ারম্যান (ভারপ্রাপ্ত)
ও রেজিস্ট্রার
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ৫৮৬১০২১৬

প্রাপকঃ ১) সভাপতি ম্যানেজিং কমিটি, কাশীপুর বালিকা দাখিল মাদরাসা, সদর, বরিশাল।

২) সুপার, কাশীপুর বালিকা দাখিল মাদরাসা, সদর, বরিশাল।

নং- বামাশিবো/প্রশা/বরিশাল-২৬১/

তারিখ :- /০৩/২০১৬খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :

১. উপজেলা নির্বাহী অফিসার, সদর, বরিশাল।
২. জেলা শিক্ষা অফিসার, বরিশাল।
৩. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৪. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ৯৬৭৪৮৭৪